

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-৪ শাখা
www.mopa.gov.bd


A0
08/02/2028

নম্বর- ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১২-০৩

তারিখ: ১৯ পৌষ ১৪৩০
০৩ জানুয়ারি ২০২৪

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৮ ডিসেম্বর ২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১২-২২৫ নম্বর প্রজ্ঞাপনমূলে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ০৭ জানুয়ারি, ২০২৪ তারিখ রবিবার সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের ভোটাধিকার প্রয়োগ ও ভোট গ্রহণের সুবিধার্থে সারা দেশে নির্বাচনকালীন সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। প্রজ্ঞাপনটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mopa.gov.bd) প্রদর্শিত হচ্ছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ০৫-০৮ জানুয়ারি ২০২৪ তারিখ ছুটি ঘোষণা সংক্রান্ত একটি বানোয়াট প্রজ্ঞাপন প্রচার হচ্ছে যা জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নয়। উক্ত বানোয়াট প্রজ্ঞাপনটি আমলে না নেয়ার জন্য সকলকে অনুরোধ করা হলো।


(খালেদ মোহাম্মদ জাকী)
যুগ্মসচিব
বিধি-৪ শাখা
ফোন: ৯৫১৪৪৯২
ইমেইল: info@mopa.gov.bd



গাজীপুর সিটি কর্পোরেশন
নগর ভবন
প্রশাসন শাখা

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর ৪৬.১৯.০০০০.০০৪.৯৯.০৩৯.২৩. ৯৪৬

তারিখ: ২০ পৌষ ১৪৩০
০৪ জানুয়ারি ২০২৩


উপর্যুক্ত বিজ্ঞপ্তির মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিতরণ:

- ১। কাউন্সিলর (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন
- ২। বিভাগীয় প্রধান (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন
- ৩। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ড সহ বহুল প্রচারের অনুরোধসহ)
- ৪। শাখা প্রধান (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন
- ৫। ওয়ার্ড সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ড সহ বহুল প্রচারের অনুরোধসহ)

অনুলিপি:

০১. মেয়র এর একান্ত সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন (মাননীয় মেয়র-এর সদয় অবগতির জন্য)
০২. প্রধান নির্বাহী কর্মকর্তা- এর স্টাফ অফিসার, গাজীপুর সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৩. প্রোগ্রামার, গাজীপুর সিটি কর্পোরেশন (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৪. নোটিশ বোর্ড, গাজীপুর সিটি কর্পোরেশন


08/02/2028
মো: আব্দুল হান্নান
(উপসচিব)
সচিব
গাজীপুর সিটি কর্পোরেশন